9/c DCRB

# FIRST INFORMATION REPORT

6201

(Under Section 154 Cr. P. C.) 27

1. First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. At P.S.

Dist. Purba Mdp. Sub-Divn Contai P.S. Junput Coastal Year 2017 FIR No. 1/17 Date 14.01.17

2. i) IPC Section 447/448/323/325/307/364/379 ii) Act Section

iii) Act Section iv) Other Act & Sections

3. a) General Diary Reference : Entry No: 320 Time 14:15 hrs

b) Occurrence of Offence : Day Friday Date 13.01.17 Time

c) Information received Date 14.01.17 Time 14:15 hrs

G.D. No. 320 at the Police Station :

4. Type of Information. Written / Oral Written

5. Place of Occurrence a) Direction and Distance from P.S. Appx. 12 K.M. South

b) Address Vill: Gopalpur, JL No. 619, Block-II, Anchal-VII G.P. Dariapur, PS- Junput Coastal Dist- Purba Mdp.

c) In cash outside limit of this Police Station, then the name of P.S.

District

6. Complaint / Informant :

a) Name Putul Panda

b) Father's / Husband's Name D/O- Saktipada Mishra

c) Date / Year of Birth

d) Nationality Indian

e) Address Vill: Gopalpur, PS-Junput Coastal, Dist- Purba Mdp.

7. Details Known / Suspected / Unknown / Accused with full particulars (Attach separate sheet, if necessary) ① Debabrata Dolai S/o- Nishikanta ② Debasish Dolai S/o- Khagendra. both of Gopalpur, PS-Junput Coastal, Dist- Purba Mdp.

8. Reasons for delay in reporting by the Complaint/Informant

9. Particular of properties stolen / Involved : (Attach separate sheet, if required) :

10. Total value of Properties stolen / involved :

11. Inquest report / U.D. : Case No. If any :

12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original Written Complaint which is treated as FIR is attached here with.

13. Action taken : Since the above report reveals commission offence(s) u/s: 447/448/323/325/307/364/379/34 IPC

register the case and took up the investigation/directed ASI SK Mafuddin of Junput Coastal PS to take up the investigation transferred to P.S. on point of jurisdiction FIR read over to the Complaint / Informat admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

R-47/17 16/01/17

ASI- SK Mafuddin 14/1/17

Signature of the Office-in-charge, Police Station with

Name SK Mafuddin

Rank ASI of Police

Number, if any 14/01/17

Officer-in-Charge Junput Coastal Police Station Purba Medinipur

পুতুল পান্ডা

Signature / Thumb Impression of the Complainant/Informant

*To*
*The O/C Junput Coastal P.S.*
*Junput, Purba Medinipur.*

মহাশয়,

আমি পুতুল পন্ডা, পিতা- শ্রী শক্তিপদ মিশ্র, সাং- গোপালপুর, পোঃ- ঝাওয়া, থানা- জুনপুট কোষ্টাল (কাঁথি), জেলা- পূর্ব মেদিনীপুর।

আমার বিনীত নিবেদন এই যে, আমি একজন স্বামী পরিত্যক্তা মহিলা হইতেছি। আমি স্বামী পরিত্যক্তা মহিলা হইবার পর হইতে আমি আমার পিতার গৃহে ছোট ভাইদের সঙ্গে দরিদ্র পরিবারে অতীব কষ্টে দিন যাপন করিয়া আসিতেছি।

নিম্ন তপশীল ব্যক্তিগন আমার ভাইয়ের বাড়ীর প্রতিবেশী হইতেছি। নিম্ন তপশীল ব্যক্তিগনের সহিত দীর্ঘকাল ধরিয়া পূর্ব আক্রোশ বশতঃ আমার ভাই (শ্রী চন্দন মিশ্র) এর সহিত ব্যবসায়িক সংক্রান্ত আক্রোশ থাকিবার কারনে যখন তখন নিম্ন তপশীল ব্যক্তিগন আমার ভাইসহ আমার বাবা এবং আমাকে কারনে অকারনে অশ্লীল অকথ্য ভাষায় গালমন্দ করতঃ আমার ভাইকে মারধর করিবে হুমকী প্রদর্শন করিত এবং আমার প্রতি কু-প্রস্তাব দিত। নিম্ন তপশীল ব্যক্তিগনের উপরোক্ত অন্যায় আচরনের বিষয় আমার ভাই ও আমি প্রতিবাদ করিলে নিম্ন তপশীল ব্যক্তিগন সুযোগ বুঝিয়া আমাকে ও আমার ভাইকে উচিৎ শিক্ষা দিবে বলিয়া শাসাইয়াছিল।

গত ইং- ১৩/০১/২০১৭ তারিখে বিকাল আনুমানিক ৫.৩০ মিনিট সময় আমার গৃহে সকলের অনুপস্থিতির সুযোগে নিম্ন তপশীল ব্যক্তিগন পূর্ব পরিকল্পিত ভাবে নিজেদের চরিতার্থ সুফল করিবার কু-উদ্দেশ্যে লাঠি আদি হস্তে আমার গৃহে সম্মুখে সরকারী রাস্তায় আসিয়া আমার ভাইয়ের নাম ধরিয়া অশ্লীল অকথ্য ভাষায় গালমন্দ করিতে থাকিলে আমি গৃহ হইতে বাহির হইয়া আসিয়া নিম্ন তপশীল ব্যক্তিগনের অন্যায় কার্য্যে বিষয় প্রতিবাদ করিতে গেলে নিম্ন তপশীল ব্যক্তিগন সকলে একযোগে আমাকে অশ্লীল অকথ্য ভাষায় গালমন্দ করিয়া ১নং ব্যক্তির হুকুমে ও নির্দেশে ২নং ব্যক্তি আমাকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্য চুলের মুঠি ধরিয়া টানিতে টানিতে সরকারী রাস্তার উপর লইয়া গিয়া মাটিতে ফেলিয়া দিয়া আমাকে একাকি পাইয়া আমার শরীরের বিভিন্ন অংশে চড়, কিল, ঘুষি ও লাঠি আদির দ্বারা বেজায় মারধর করিতে থাকা কালে ১নং ব্যক্তি তাহার কু-উদ্দেশ্য চরিতার্থ করিবার মানসে তাহার কমরের গামছা খুলিয়া আমাকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে আমার মুখে গামছা চাপাইয়া শ্বাসরোধ করিলে আমি ছটপট করিবার সময় আমার পরনের ব্লাউজ টানিয়া ছিঁড়িয়া দিয়া ডান দিকের বুকে নখ দিয়া আঁচাড়াইয়া রক্তাক্ত জখম করিয়াছে ও আমার শরীরের বিভিন্ন অংশে হাত দিয়া আমার সতীত্ব নষ্ট করতঃ শ্লীলতাহানি করিয়াছে এবং ২নং ব্যক্তি আমার ডান হাঁটুতে লাঠির দ্বারা মারিয়া গুরুতর জখম করিয়াছে এবং আমার গলা হইতে ২০ গ্রাম ওজনের রুপোর হার জোরপূর্বক ১নং ব্যক্তি ছিনিয়া লয়। যাহার আনুমানিক বাজার মূল্য প্রায় ১,৭০০/- (এক হাজার সাতশত) টাকা হইবে।

Received on 14.01.17 at 14.15 hrs and started Junput Coastal PS Case No. 01/17 dt. 14.01.17 u/s 447/448/323/325/307/354/379/34 IPC

নিম্ন তপশীল ব্যক্তিগন উপরোক্তভাবে আমাকে বেজার মারধর করিবার কালে আমি চিৎকার করিলে কতিপয় পাশাপাশি সাক্ষীজন ছুটিয়া আসিয়া নিম্ন তপশীল ব্যক্তিগনের অন্যায় কার্যে প্রতিবাদ করিলে নিম্ন তপশীল ব্যক্তিগন তাহাদেরকে নানাভাবে ধমকানি প্রদর্শন করিয়া শাসাইয়াছে।

14/01/17

নিম্ন তপশীল ব্যক্তিগন আমাকে অন্যায়ভাবে মারধর করিবার ফলে আমার শরীরের বিভিন্ন অংশে ব্যথা বেদনা ও গুরুতর রক্তাক্ত জখম হইলে আমি কাঁথি মহকুমা হাসপাতালের ডাক্তার বাবুর নিকট চিকিৎসা হইয়াছি।

নিম্ন তপশীল ব্যক্তিগনের সকলেরই আমাকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্য ছিল। কতিপয় সাক্ষীগন ছুটিয়া না আসিলে নিম্ন তপশীল ব্যক্তিগন আমাকে প্রানে মারিয়া ফেলিত। সেকারন মহাশয় আপনার নিকট লিখিত সমূহ অভিযোগ জানাইতেছি।

Junput Coastal Police Station • Purba Medinipur

পর পৃষ্ঠা-২

চিকিৎসার কাজে ব্যস্ত থাকার কারনে আপনার নিকট অভিযোগ জানাইতে বিলম্ব হইল।

অতএব প্রার্থনা যে, আমার অত্র লিখিত অভিযোগ মূলে নিম্ন তপশীল ব্যক্তিগনের বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহন করতঃ নিম্ন তপশীল ব্যক্তিগন যাহাতে উপযুক্ত শাস্তি পায় তাহার বিহীত ব্যবস্থা গ্রহন করিয়া বাধিত করিবেন।

তাং- ১৪/১/১৭

নিবেদন ইতি
বিনীতা।
✓ পুতুল মন্ডা

নিম্ন তপশীল ব্যক্তিগনের নাম

১। শ্রী দেবব্রত দলাই, পিতা- শ্রী নিশিকান্ত দলাই
২। শ্রী দেবাশীষ দলাই, পিতা- শ্রী খগেন্দ্র দলাই
উভয়ের সাং- গোপালপুর, পোষ্ট- ঝাওয়া
থানা- জুনপুট কোষ্টাল (কাঁথি), জেলা- পূর্ব মেদিনীপুর।

স্বাক্ষীগনের নাম

১। শ্রী পরমেশ্বর গায়েন, পিতা- ˚মারকণ্ড গায়েন
২। শ্রী চন্দন মিশ্র, পিতা- শক্তিপদ মিশ্র
৩। শ্রী দেবাশিষ বারিক, পিতা- অমূল্য বারিক
৪। শ্রী শক্তিপদ মিশ্র, পিতা- ˚কুঞ্জবিহারী মিশ্র
৫। শ্রীমতী আরতি গায়েন, স্বামী- শ্রী মদন গায়েন
সকলের সাং- গোপালপুর, পোষ্ট- ঝাওয়া
থানা- জুনপুট কোষ্টাল (কাঁথি), জেলা- পূর্ব মেদিনীপুর।
ও আরও অনেকে।

✓ পুতুল মন্ডা

টাইপ কারক
Ramkrishna Pradhan.
রামকৃষ্ণ প্রধান, পিতা- শ্রী অশোক প্রধান
সাং- পূর্ব কুমারপুর, পোঃ ও থানা- কাঁথি
জেলা- পূর্ব মেদিনীপুর
কাঁথি কোর্ট, সিভিল বারের সম্মুখে